

ছাত্রলীগ এর ৬১ তম প্রতিষ্ঠাবার্ষিকী পালিত

সম্প্রতি অস্ট্রেলিয়া শাখা ছাত্রলীগের উদ্যোগে, বাংলাদেশ ছাত্রলীগ এর ৬১ তম প্রতিষ্ঠাবার্ষিকী পালন করা হয়। এ উপলক্ষে গত ৭ ই জানুয়ারী বুধবার সন্ধ্যা ৮ টায় সাউথ এশিয়ান ক্যাফে, ১২৭



রেডফার্ন স্ট্রীট, রেডফার্ন এ অস্ট্রেলিয়া শাখা ছাত্রলীগ এর স্থানীয় কার্যালয়ে এক আলোচনা সভা ও নৈশ ভোজের আয়োজন করা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন বঙ্গবন্ধু পরিষদ অস্ট্রেলিয়া শাখার সভাপতি জনাব ডঃ আব্দুর রাজ্জাক। বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন বঙ্গবন্ধু পরিষদ অস্ট্রেলিয়া শাখার সহ-সভাপতি

জনাব শেখ শামিমুল হক শামীম। অনুষ্ঠানে আরও বক্তব্য রাখেন জনাব আব্দুল জলিল, আনিসুর রহমান রিত, আল নোমান শামীম, অধ্যাপক মনমনাথ সরকার, সোহরাব হোসেন মাসুদ, আমিনুল ইসলাম রুবেল, মাইদুজ্জামান সুজন, জয়ন্ত সরকার, আবিদা পারভিন লিজা ও ফরিদ আহমেদ। অনুষ্ঠানে প্রধান

বক্তব্য রাখেন বাংলাদেশ ছাত্রলীগ অস্ট্রেলিয়া শাখার সাধারণ সম্পাদক, অপু সরওয়ার। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন সরদার বেলাল হোসেন এবং পুরো অনুষ্ঠানটি অত্যন্ত দক্ষতার সাথে পরিচালনা করেন জনাব সাজ্জাদ পলিন। অনুষ্ঠানে বক্তারা সুখী সুন্দর বাংলাদেশ গড়ার প্রত্যয় ব্যক্ত করেন ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা ঘোষিত ২০২১ সালের মধ্যে ডিজিটাল বাংলাদেশ গড়া ও দিন বদলের



সনদ বাস্তবায়িত করার শপথ নেন। অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন শতাধিক ছাত্রলীগ কর্মী ও মুক্তিযোদ্ধা, অসাম্প্রদায়িক চেতনা ও গনতান্ত্রিক মূল্যবোধে বিশ্বাসী ছাত্রছাত্রী। আনন্দঘন পরিবেশে কেক কেটে ও অতিথি আপ্যায়নের মধ্য দিয়ে অত্যন্ত সফল ভাবে দিবসটি পালন করা হয়।